গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা- ১২১২।
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০১.১১.০০২(অংশ-১).১৯- ১২১৭

তারিখঃ ০৭ / ০১ / ১৪২৯
২০ / ০৪ / ২০২২

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগের ২১-০৩-২০২২ খ্রিঃ তারিখের ৪৫.০০.০০০০.১৭২.১১.০০২.২২-৯৩ সংখ্যক স্মারকে শূন্য পদ পূরণের ছাড়পত্র প্রদানের প্রেক্ষিতে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকার নিয়ন্ত্রনাধীন প্রতিষ্ঠান সমূহে নিম্নেবর্ণিত ৩য় ও ৪র্থ শ্রেণীর (১৩-২০ গ্রেড) কর্মচারী রাজস্ব খাতভুক্ত শূন্য পদে অস্থায়ীভাবে প্রচলিত নিয়োগ বিধি ও শর্ত অনুযায়ী জনবল নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলা আবেদন করার প্রয়োজন নাই। | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | পি এ টু অধ্যক্ষ<br>(গ্রেড: ১৩)<br>বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০/= | ০৪ (চার) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট সহ কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত। | ক্রমিক নং ১ হইতে ১৬ পর্যন্ত যে সকল জেলা আবেদন করার প্রয়োজন নাই ফরিদপুর, গোপালগঞ্জ, শরিয়তপুর, টাংগাইল, রাঙ্গামাটি, কুমিল্লা, চাঁদপুর, সিরাজগঞ্জ, খুলনা, কুষ্টিয়া, নড়াইল, চুয়াডাংগা, মাগুরা, পটুয়াখালী। | ক্রমিক নং ১ হইতে ২৩ পর্যন্ত সকল জেলার এতিম খানার নিবাসী, শারীরিক প্রতিবন্ধী আবেদন করতে পারবেন। |
| ২. | অফিস তত্ত্বাবধায়ক<br>(গ্রেড: ১৩)<br>বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০/= | ০১ (এক) টি | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৩৫ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক (সম্মান) ডিগ্রী এবং প্রশাসনিক কাজে অন্যূন ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। | | |
| ৩. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>(গ্রেড: ১৩)<br>বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০/= | ০২ (দুই) টি | অনূর্ধ্ব ৩০ বৎসর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিল যোগ্য। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে বাংলায় ও ইংরেজিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৫০ ও ৮০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর বাংলায় ও ইংরেজিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ২৫ ও ৩০শব্দ।<br>(এই বিধিমালা মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ এর আলোকে) | | |
| ৪. | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>(গ্রেড: ১৪)<br>বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০/= | ০২ (দুই) টি | ৩০বৎসর | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট সহ কম্পিউটার বিষয় প্রশিক্ষণ প্রাপ্ত। | | |
| ৫. | লাইব্রেরিয়ান<br>(গ্রেড: ১৪)<br>বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০/= | ০১ (এক) টি | ৩০বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা স্নাতক (সম্মান) ডিগ্রীসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা এবং কম্পিউটার চালনায় দক্ষতা। | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬. | ল্যাবরেটরি সহকারী<br>(গ্রেড: ১৪)<br>বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০/= | ০১ (এক) টি | ৩০ বৎসর তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি সার্টিফিকেট সহ ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। | | |
| ৭. | ডাটা এন্ট্রি অপারেটর<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ০১ (এক) টি | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি সহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। (এই বিধিমালা সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর আলোকে) | | |
| ৮. | ল্যাব এ্যাসিসটেন্ট<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ১৩ (তেরো) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি সার্টিফিকেট। | | |
| ৯. | স্টোর কিপার<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ০৪ (চার)টি | ৩০বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। | | |
| ১০. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ১৮ (আঠার) টি | ৩০বৎসর | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত। | | |
| ১১. | ক্যাশিয়ার<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ১১ (এগার) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট সহ কম্পিউটার চালনায় দক্ষতা। | | |
| ১২. | সহকারী লাইব্রেরিয়ান<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ০৩ (তিন) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট সহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সউত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় দক্ষতা। | | |
| ১৩. | লাইব্রেরি সহকারী<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ০২ (দুই) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সউত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় দক্ষতা। | | |
| ১৪. | হাউজ কিপার<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ০৯ (নয়) টি | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট।<br>(খ) প্রার্থীকে অবশ্যই মহিলা হইতে হবে। | | |
| ১৫. | হোম সিস্টার<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ০৪ (চার) টি | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট।<br>(খ) প্রার্থীকে অবশ্যই মহিলা হইতে হবে। | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬. | আর্টিস্ট<br>(গ্রেড: ১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/= | ০১ (এক) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে ফাইন আর্ট বিষয়ে স্নাতক ডিগ্রী। | | |
| ১৭. | রেকর্ড কীপার<br>(গ্রেড: ১৯)<br>বেতন স্কেল: ৮,৫০০-২০,৫৭০/= | ০১ (এক) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। | ক্রমিকনং ১৭ হইতে ২৩ পর্যন্ত যে সকল জেলা আবেদন করার প্রয়োজন নাই নরসিংদী, শরিয়তপুর, টাংগাইল, রাঙ্গামাটি, কুমিল্লা, পাবনা, কুষ্টিয়া, নড়াইল, চুয়াডাংগা, মাগুরা, বরিশাল, ঝালকাঠি, পটুয়াখালী। | |
| ১৮. | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/= | ৯৮(আটানব্বই) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিটিকেট। | | |
| ১৯. | টেবিল বয়<br>(গ্রেড-২০)<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/= | ১১ (এগার) টি | ৩০বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | | |
| ২০. | নিরাপত্তা প্রহরী<br>(গ্রেড-২০)<br>বেতনস্কেল: ৮,২৫০-২০,০১০/= | ২৯ (উনত্রিশ) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | | |
| ২১. | মালী<br>(গ্রেড-২০)<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/= | ০৬ (ছয়) টি | ৩০ বৎসর তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে ৩৫ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | | |
| ২২. | বাবুর্চি/ সহকারী বাবুর্চি<br>(গ্রেড-২০)<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/= | ৪১ (একচল্লিশ)টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সহ রান্নার কাজে বাস্তব অভিজ্ঞতা। | | |
| ২৩. | পরিচ্ছন্নতা কর্মী<br>(গ্রেড-২০)<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/= | ২৫ (পঁচিশ) টি | ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | | |

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অনুসরণ করতে হবেঃ-

১. আবেদন কারীর বয়স ২১-০৪-২০২২ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে, শুধু মাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং এতিম ও শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিল যোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের নাতি/নাতনীদের ক্ষেত্রে বয়স সীমা ৩০ (ত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণ যোগ্য হবে না।

২. সরকারি/আধা-সরকারি সংস্থা ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবেদন করতে হবে। অনুমতির কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৩. সরকার নির্ধারিত সকল কোটা যথাযথ অনুসরণ করা হবে।

৪. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তিতে এ সংক্রান্ত কোন বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৫. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

৬. মৌখিক পরীক্ষার সময় সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত (গেজেটেড কর্মকর্তা কর্তৃক) এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, অভিজ্ঞতার সনদপত্র/পত্যয়ন পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার, পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি ও উল্লেখ করতে হবে।

৭. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান/নাতি/নাতনী/মহিলা, এতিম, শারিরিক প্রতিবন্ধী এবং ক্ষুদ্রনৃগোষ্ঠীর প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মূলসার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৮. প্রার্থীগণকে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৯. গত ২১-১১-২০১৯ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০১.১১.০০২.১৯-১২৮ নং স্মারকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর হতে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ইতোপূর্ব যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। বর্ণিত স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ইতোপূর্বে দাখিলকৃত বৈধ আবেদনসমূহের প্রার্থীগণকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১০. অনলাইনে আবেদন পত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশ গ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://dgnm.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২১ এপ্রিল ২০২২ সকাল- ১০:০০ ঘটিকা।

(ii) online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৬ মে ২০২২ দুপুর- ১২:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online- এ পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: online-এ আবেদন পত্র (Application From) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদন পত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি user ID, ছবি এবং স্বাক্ষর যুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১-১৬ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকা মোট ১১২/- (একশত বার) টাকা এবং ১৭-২৩ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ০৬.০০ টাকা মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদন পত্রের সকল অংশপূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: DGNM<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: DGNM ABCDEF

Reply: Applicant's Name, TK-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DGNM<Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DGNM<space>Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DGNM Yes 12345678

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DGNM Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgnm.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের কে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে DGNM<space>Help<space>User<space>User ID & Send to 16222. Example: DGNM Help User ABCDEF

(ii) PIN Number জানা থাকলে DGNM<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222. Example: DGNM Help PIN 12345678.

(ঝ) বিজ্ঞপ্তি টি পত্রিকা ছাড়া ও নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইট www.dgnm.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে ও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dgnm.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা vas.query@teletalk.com.bd বা info@dgnm.gov.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: DGNM, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১১. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

১২. যে কোন রকম তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১৩. কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তের সাথে সাংঘর্ষিক আবেদনপত্র এবং সংখ্যা হ্রাস/বৃদ্ধি কিংবা নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪. online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০.০৪.২০২২
মোঃ নাসির উদ্দিন
(উপসচিব)
পরিচালক (প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।